তারিখ 25 SEP 2016
পৃষ্ঠা 4 কলাম 2

সংবাদ

ময়মনসিংহে শিক্ষামন্ত্রী

# কৃষি শিক্ষা ও গবেষণার ফলে দেশে আজ খাদ্যশস্য উৎপাদন বহুগুণে বৃদ্ধি পেয়েছে

জেলা বার্তা পরিবেশক, ময়মনসিংহ

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম এমপি বলেছেন, দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে কৃষিবিদদের অবদান অনস্বীকার্য। কৃষি শিক্ষা ও গবেষণার ফলে দেশে আজ খাদ্যশস্য উৎপাদন বহুগুণে বৃদ্ধি পেয়েছে যা দেশের সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। গতকাল ময়মনসিংহে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে কৃষিতত্ত্ব সমিতির দুই দিনব্যাপী ১৫তম সম্মেলনে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নাল আবেদিন অডিটরিয়ামে গতকাল দুপুরে বাংলাদেশ কৃষিতত্ত্ব সমিতির আয়োজনে এই অনুষ্ঠানে সমিতির ভারপ্রাপ্ত সভাপতি ড. আবদুল জলিল মৃধার সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন ফাও এর বাংলাদেশ প্রতিনিধি মাইকেল রবসন, প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন বাকৃবি'র উপাচার্য প্রফেসর ড. আলী আকবর, বাংলাদেশ কৃষি সম্প্রসারণ বিভাগের মহাপরিচালক হামিদুর রহমান, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক রফিকুল ইসলাম মণ্ডল প্রমুখ। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন যথাক্রমে প্রফেসর ড. মো. আবদুল কাদের এবং ড. মঈন-উস সালাম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কৃষিতত্ত্ব সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. একেএম রুহুল আমিন। অন্যদের মাঝে বক্তব্য রাখেন' নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর ড. সাইদুল হক চৌধুরী। সম্মেলনের প্রতিপাদ্য ছিল 'এগ্রোনোমি অ্যান্ড লাইভলিহুড ভিশন-২০৫০ অ্যান্ড বিয়ন্ড ফর বাংলাদেশ'।

অনুষ্ঠানে বক্তারা বলেন, আমাদের দেশ এখন খাদ্যে স্বয়ংসম্পূর্ণ কিন্তু এখন আমাদের বাজারের চাহিদা অনুযায়ী সুষম খাদ্যের উৎপাদন বৃদ্ধি করতে হবে। সম্মেলনে কৃষি গবেষণায় গুরুত্বপূর্ণ অবদানের জন্য প্রফেসর ড. মো. আবদুর রহমান সরকার এবং ড. নূর -এ-এলাহিকে সম্মাননা প্রদান করা হয়।